

# Monica Jahan Bose and Her Words: Stories, Saris, and the Union of Art and Advocacy

Leah Stoddard

Most social issue art is about impact and message. Such “call-to-action” work has two purposes: to capture the attention and rally for a cause. It is seldom about beauty and aesthetics.

But in the end, how effective is that? Slogans can close minds or fade from them, failing to achieve long-term awareness. Effective advocacy art must endure, draw one in, persist, and thereby inspire a deeply impassioned commitment for change.

This is part of what makes Bangladeshi-American artist Monica Jahan Bose’s new collaborative project *Her Words: Storytelling with Saris* so compelling. It is a series of evolving actions that infiltrate and engage the public on many levels of social activism. It is also visually poetic.

Ever since she put paint to canvas in the mid-1980s, Bose has celebrated the body, vibrant color, and an expressionistic style of defiant energy, never shying away from provocative content. Past series have focused on Bangladeshi independence, the Bengali Language Movement, and multilingualism (*Mother Tongue*, 2007-09) and the cyclone-ravaged identity of a nation divided by language and religion (*Water Paintings*, 2008-10). Direct feminist symbolism emerged a few years ago in a group of mixed-media works on paper (*Estrogen*, 2011) that explored the

denial of women’s bodies and sexuality across cultures, and in paintings that featured sari blouses as stand-ins for the artist and female oppression.

Parallel to her artistic life, Bose has advocated for the rights of poor women and their families in her homeland while working with Samhati, a US-based nonprofit of Bangladeshi-American women her mother founded in 1984. A self-proclaimed feminist who moved to the United States at the age of 10, Bose has been involved with women’s organizations in the South Asia diaspora as both a lawyer and organizer, focusing on violence against women, immigrant rights, and literacy. She is also determined to raise awareness about climate change on behalf of a part of the world plagued by cyclones and rising water levels.

*Her Words* is a turning point in Bose’s career: a multiyear project that deftly weaves together her identities as both artist and social activist. It is ambitious and expansive, existing not only as an installation in a gallery but as a multimedia experience involving film, photography, spoken word, writing, publications, printmaking, performance, and sculpture, as well as workshops and talks.

Rooted in the activist art “Happenings” of the 1960s, the project is also linked to relational art of



*Indelible Scent (Performance Still No. 1)*, 2012, photo credit: Siobhan Rigg.

the 1990s and participatory art of the present day that balances aesthetics with social issues, such as Marina Abramović's *The Artist is Present* (2010) or works by dissident Chinese artist Ai Wei Wei (e.g., *The Sunflower Seeds*, 2010).

*Her Words* comes out of direct experience—Bose's journeys to and involvement with her ancestral village of Katakali on the remote island of Barobaishdia. With the warming of the planet, which Bose notes is a consequence of overconsumption by richer countries, this island may soon disappear beneath the waters of the Bay of Bengal. Bose's passionate environmentalism stems from her direct connection to this community.

The project also evolved out of Bose's desire to make a more collaborative/activist art. After the success of her interactive performance/installation *Indelible Scent* in Washington DC, and at Miami's Art Asia (2012), in which the artist exchanged texts with audience members while she read banned books in a bed veiled with pink saris, Bose decided to collaborate with 12 Bangladeshi women through Samhati. Bose was inspired by their stories: how they survived cyclones and learned to read and write, rebuilding their lives despite great physical hardship and discrimination.

*Agunmukha (Mouth of Fire)*, 2013,  
burnt sari and stones, installation at  
Smith Center for the Healing Arts, Washington DC.







*Bus Stop Bangladesh: a performance/installation, 2013, Mt. Ranier, Maryland,  
Photo credit: Evan Wilder (left), Neena Narayanan (middle & right).*







*Water 21 (Swept Away)*, 2010, acrylic, newspaper, and sari blouse on linen, 38 x 51 inches.

*Estrogen 10*, 2011, graphite, ink, watercolor, newspaper, and cut sari on watercolor paper, 18 x 24 inches.



The common artistic thread that unites Bose with the women of Katakhalī is printmaking. The artist had worked before with etching and monoprints, and saw in the women a chance to learn traditional woodblock printing techniques while encouraging them to explore personal imagery in their own art. These prints and their stories and portraits would be shared with the world, presented in galleries both in the US and Bangladesh.

What resulted from the joint sessions was true collaboration through art making and oral histories, all captured on film by Bangladeshi filmmaker Nandita Ahmed to become a part of the *Her Words* installation. The women opened up to Bose and the camera, recounting stories of their lives, gaining trust with the artist with every conversation. Each of the final 24 block prints on saris (12 exhibited, 12 worn by the women to symbolize their achievements) is an intimate sharing between Bose and each individual woman. Bose's involvement varied depending on the personality of her partner, where some led the process and others asked Bose to be more involved with artistic decisions.

Actual sari cloth has been at the core of Bose's art in recent work, first as collaged cut pieces veiling nudes, then as gathered clumps of cloth (sometimes burned) on the floor or suspended as environments or site-specific sculptures [*Sari Stupa* at the Embassy of Bangladesh, *Sari Cloud* at Red Dirt Open Studio, and *Agunmukha (Fire Mouth)* at Smith Center]. When no longer wrapping a woman's body, a strip of sari fabric suggests sexual liberation and empowerment, made more potent by colors associated with the

stages of a Bangladeshi woman's life: reds and pinks symbolizing fertility, white purity/widowhood, and black, sorrow. In *Her Words*, the saris are hanging banners patterned with images of eyes, waves, onions, flowers, and abstract forms, along with words in Bengali script mined from the women's journals. The multiple textile panels are as they were when they were drying in the sun on the island, with filmed images of the women projected onto their surfaces and the sound of their voices filling the room. Explains Bose: "I want the audience to be arrested by the unexpected —immersed in a whole environment of undulating saris, with the fabric activated by Nandita's film images. Then, I want the audience to explore the work on a deeper level, discovering other layers of meaning."

Offshoots of this project are a series of ongoing public actions, demos, lectures, and panel discussions. Recently, Bose performed *Bus Stop Bangladesh* (2013), an urban intervention where she took on the personas of the Katakhalis women, recounting their stories in the first person to passers by and strangers waiting for their buses. The 18-foot-long saris were hung off a building—sensual pink fabric flowing over stone and brick like a defiant feminine force in the face of adversity.

In the end, an artist working with a community can serve as an effective catalyst, activating collaborators and inspiring awareness that can lead to lasting social change. Art and advocacy operate hand-in-hand in *Her Words*, creating a profound and beautiful experience that persists long after leaving the gallery space.

**Leah Stoddard** has curated over 100 exhibitions, including 10 large-scale projects for the Taubman Museum of Art in Roanoke, Virginia, USA, where she was both the Director of Exhibitions (2012-13) and the Adjunct Curator of Contemporary Art (2011-present). In addition, she has also served as Director of Second Street Gallery, a nonprofit artspace in Charlottesville, Virginia (2000-08), and continues to work as an independent curator and artist advisor. Stoddard has an MA in art history/criticism from State University of New York, Stony Brook, and a BA in art history from Carleton College.

## মনিকা জাহান বোস এবং নারীর কথা গল্প, শাড়ি এবং শিল্পকলা ও প্রবক্তার সম্মিলন

লিয়া স্টডার্ড

সাধারণত সামাজিক বিষয়ভিত্তিক শিল্পকর্মের মূল উদ্দেশ্য প্রভাব ও বিষয়বস্তুর বার্তা। এ রকম কাজে নিয়োজিত হওয়ার আহ্বানের দুটো দিক রয়েছে— মনোযোগ আকর্ষণ করা এবং বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য সবাইকে একত্র করা। কদাচই এসব শিল্পকলায় সৌন্দর্য এবং নান্দনিক বিষয়ে নজর দেয়া হয়।

কিন্তু শেষ পর্যন্ত এগুলো কতটা প্রভাব বিস্তার করতে পারে? স্লোগান মনকে আচ্ছন্ন করে দিতে পারে— অথবা মন থেকে শীঘ্রই মুছে যায় এবং দীর্ঘমেয়াদি সচেতনতা অর্জন করতে ব্যর্থ হয়। ফলপ্রসূ প্রবক্তাধর্মী শিল্পকর্ম অবশ্যই সহনশীল হবে, মানুষকে আকর্ষণ করবে। স্থায়ী হবে এবং পরিবর্তনের জন্য আবেগহীন নিষ্ঠাকে গভীরভাবে অনুপ্রাণিত করবে।

বাংলাদেশী-আমেরিকান মনিকা জাহান বোসের নতুন সহযোগী প্রকল্প ‘নারীর কথা: শাড়ির মধ্যে জীবনগাঁথা’ এই জন্যই এত শক্তিশালী। এটি একটি কার্যক্রমের ধারাবাহিক ফর্মবিকাশ, যেখানে বিভিন্ন পর্যায়ের সামাজিক আন্দোলনে জনগণ অনুপ্রবেশ করে এবং নিজেদের সংযুক্ত করে। এবং এই শিল্পকলা কাব্যিক ও ছন্দময়।

১৯৮০ সালের মাঝামাঝি সময় থেকে বোস ক্যানভাসে রং দিয়ে দেহ, উজ্জ্বল রং এবং স্পর্ধিত শক্তির অভিব্যক্তিমূলক ভঙ্গিকে উদ্‌যাপন করেছেন। কখনোই উদ্ভেজক বিষয়বস্তু থেকে সরে আসেননি। তাঁর আগের সিরিজগুলোর দৃষ্টি নিবদ্ধ ছিল বাংলাদেশের স্বাধীনতা, বাংলার ভাষা আন্দোলন, বহুভাষিকতা (মাতৃভাষা ২০০৭-২০০৯) এবং ঘূর্ণিঝড় বিধ্বস্ত, ভাষা ও ধর্মভিত্তিক বিভক্ত একটি জাতির (পানি জল ২০০৮-২০১০) পরিচিতির প্রতি। মাত্র কয়েক বছর আগে কাগজের ওপর কয়েকটি মিশ্র মাধ্যম (এস্ট্রোজেন, ২০১১) নিয়ে তাঁর শিল্পকর্মে প্রত্যক্ষ নারীবাদী প্রতীকীয়তা পরিস্ফুটিত হয়েছে। এইগুলোর মধ্য দিয়ে তিনি বিভিন্ন সংস্কৃতিতে নারীর দেহ ও যৌনতা অস্বীকারের বিষয়টি প্রকাশ করেছেন। এবং তাঁর আঁকা শাড়ি-ব্লাউজ যেন তাঁর এবং নারী জাতির ওপর নিপীড়নের ছবি।

তাঁর শিল্পীজীবনের সঙ্গে সমান্তরালভাবে তিনি তাঁর মাতৃভূমির দুস্থ মহিলা এবং তাদের পরিবারের অধিকার আদায়ের জন্য কাজ করেছেন। এই কাজগুলো তিনি করেন বাংলাদেশী-আমেরিকান মহিলাদের সংগঠন সংহতির মাধ্যমে। ১৯৮৪ সালে তাঁর মা সংহতিকে প্রতিষ্ঠিত করেন। একজন স্বঘোষিত নারীবাদী মনিকা বোস দশ বছর বয়সে আমেরিকায় এসেছিলেন। বোস দক্ষিণ এশিয়ার অভিবাসী মহিলাদের সংগঠনগুলোর সঙ্গে একজন আইনজ্ঞ ও সংগঠক উভয়ভাবেই জড়িত। এদের মাধ্যমে তিনি মেয়েদের ওপর নিপীড়ন, অভিবাসীর অধিকার এবং সাক্ষরতার জন্য কাজ করেন। উপরন্তু তিনি ঘূর্ণিঝড় এবং সমুদ্রসীমার উচ্চতা বৃদ্ধির প্রভাবে ক্ষতিগ্রস্ত পৃথিবীর এমন অঞ্চলের পক্ষ থেকে জলবায়ু পরিবর্তনের ফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে বদ্ধপরিকর।

‘নারীর কথা’ বোসের জীবনধারায় একটি নতুন মোড়: এটি একটি বহু বছরভিত্তিক প্রকল্প, যার দ্বারা তিনি সুচারুরূপে একই সঙ্গে একজন শিল্পী ও সক্রিয় সমাজকর্মী হিসেবে পরিচিতি পেয়েছেন। এই প্রকল্প উচ্চাভিলাষী এবং বিস্তৃত। তাঁর শিল্পকর্ম শুধু গ্যালারিতে স্থাপনার মধ্যেই সীমাবদ্ধ নয় বরং চলচ্চিত্র, আলোকচিত্র, মুখের কথা, হাতের লেখা প্রকাশনা, ছাপ তৈরি, অভিনয়, ভাস্কর্য এবং কর্মশালা ও মতবিনিময় ইত্যাদি একাধিক গণমাধ্যম অভিজ্ঞতার সঙ্গে সম্পৃক্ত।

১৯৬০-এর দশকের ঘটনাপ্রবাহে গ্রথিত এই প্রকল্প ১৯৯০-এর বিবরণধর্মী শিল্পকর্ম (রিলেশনাল আর্ট) এবং বর্তমানের অংশগ্রহণভিত্তিক শিল্পকলার সঙ্গে সম্পৃক্ত, যা সৌন্দর্য এবং সামাজিক বিষয়ের সঙ্গে ভারসাম্য রক্ষা করে। যেমন ম্যারিনা এব্রামোভিচের ‘শিল্পী উপস্থিত আছেন’(২০১০) অথবা প্রতিবাদী টানা শিল্পী আই ওয়েই ওয়েই -র শিল্পকর্ম (যেমন ‘সূর্য মূখীর বিচি’ ২০১০)।

‘নারীর কথা’ প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে এসেছে— সুদূর উপকূলের দ্বীপ বড়বাইশদিয়ার কাটাখালী বোসের পূর্বপুরুষের গ্রাম এবং সেখানে ভ্রমণ ও সম্পৃক্ত হওয়ার এই অভিজ্ঞতা। এই অঞ্চলটি পৃথিবীর উষ্ণতা বৃদ্ধির জন্য শিগগিরই বঙ্গোপসাগরে বিলীন হয়ে যেতে পারে,



এবং বোস বলেন ধনী দেশগুলোর মাত্রাতিরিক্ত ভোগের ফল এর কারণ। এ ঘটনা বোসের আবেগাপ্ত পরিবেশবাদকে জাগিয়ে তুলেছে।

বোসের আরও বেশি সহযোগী ও সক্রিয় শিল্প সৃষ্টির ইচ্ছা থেকেও এই প্রকল্প বিকাশ লাভ করেছে। ওয়াশিংটন ডিসি এবং মায়ামির এশিয়া শিল্প প্রদর্শনীতে (২০১২) তাঁর তৈরি ‘ইন্ডেলিবল সেন্ট’ (অফুরন্ত ঘ্রাণ) ইনস্টলেশনে তিনি গোলাপি শাড়িতে ঢাকা বিছানায় বসে নিষিদ্ধ বই পাঠ করেন এবং দর্শকদের সঙ্গে মতবিনিময় করেন। এটি ছিল একজন শিল্পী ও দর্শকের পারস্পরিক ভূমিকা/স্থাপনা। বোস এই প্রদর্শনীর সাফল্যে উৎসাহিত হয়ে সংহতির ১২ জন মহিলাকে সহযোগী করে কাজ করতে ব্রতী হন। বোস তাদের জীবনকাহিনী শুনে উদ্বুদ্ধ হয়েছেন— কেমন করে তারা ঘূর্ণিঝড়ের আঘাত কাটিয়ে উঠে কঠোর শারীরিক পরিশ্রম করে এবং নানা বৈষম্য প্রতিরোধের মাধ্যমে লেখাপড়া শিখে নিজেদের জীবন পুনর্বীর নির্মাণ করেছেন। বোস এবং কাটাখালীর নারীদের মধ্যে সাধারণ যোগসূত্র হচ্ছে ছাপ তৈরি শিল্প। শিল্পী এর আগে এটিং এবং মনোগ্রাফ (একক মুদ্রণ) নিয়ে কাজ করেছেন। তিনি কাটাখালীর নারীদের মধ্যে পুরনো দিনের কাঠের ব্লক ছাপের পদ্ধতি শেখার একটা সুযোগ দেখলেন। এবং এই সঙ্গে তাদের নিজের ভাবনাগুলোকে নিজস্ব শিল্পকলার মধ্য দিয়ে প্রকাশ করতে উৎসাহিত করলেন। এই ছাপগুলো এবং তাদের গল্প ও প্রতিকৃতির ছবি বিশ্বের সব দর্শকেরই দেখার সুযোগ হবে এবং যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের শিল্পকলা গ্যালারিতে প্রদর্শিত হবে। শিল্পসৃষ্টি এবং মুখে জীবনকাহিনী বলার যৌথ আলোচনা সভার মধ্যেই ছিল সত্যিকারের সহযোগিতা। বাংলাদেশী চলচ্চিত্রনির্মাণ নন্দিতা আহমেদ এগুলো সবই চলচ্চিত্রে ধারণ করেছেন, যা ‘নারীর কথা’ স্থাপনার অংশ হিসেবে থাকবে। মেয়েরা বোস এবং ক্যামেরার সম্মুখে খোলামেলাভাবে তাদের জীবনকাহিনী শুনিয়েছেন এবং প্রতিটি আলোচনার মধ্য দিয়ে শিল্পীর আস্থা অর্জন করেছেন। ২৪টি ব্লক ছাপের শাড়ি (১২টি প্রদর্শনীতে এবং ১২টি শাড়ি মেয়েরা তাদের সাফল্যের প্রতীক হিসেবে পরেছেন) – প্রতিটি শাড়িই বোসের সঙ্গে প্রতিটি নারীর গভীর অন্তরঙ্গতার প্রকাশ। বোসের সম্পৃক্ততা তার সহযোগীদের ব্যক্তিত্বের ওপর নির্ভরশীল হয়ে ভিন্ন জনের জন্য ভিন্ন মাত্রায় কাজ করেছিল। কিছু নারী এই প্রক্রিয়ায় নেতৃত্ব দিয়েছিল, আবার কয়েকজন নারী বোসকে শিল্পকলা বিষয়ে সিদ্ধান্ত দেবার জন্য আরও জড়িত হতে বলেছিল।

বোসের সাম্প্রতিক শিল্পকর্মে প্রকৃতপক্ষে শাড়ির কাপড় কেন্দ্রস্থল

অধিকার করে আছে। প্রথমে কাপড়ের টুকরা দিয়ে দেহকে ঢেকে রাখা, তারপর কাটা কাপড়ের গুচ্ছগুলো (কখনো পোড়া) মেঝেতে জমা করা অথবা পরিবেশ হিসেবে বুলিয়ে রাখা অথবা নির্দিষ্ট স্থানের ভাস্কর্য (‘শাড়িত্ত্ব’, বাংলাদেশ দূতাবাস, ‘শাড়ি মেঘ’, রেড ডার্ট স্টুডিও এবং ‘আগুনমুখা’, স্মিথ সেন্টার)। যখন নারীদেহ শাড়িতে জড়ানো হয় না, শাড়ি তখন মেয়েদের যৌনতার স্বাধীনতা ও ক্ষমতায়নকে বোঝায় এবং একে আরও শক্তিশালী করা হয় সেই সব রঙের ব্যবহারে, যেগুলো বাংলাদেশী নারীদের জীবনের বিভিন্ন স্তরের সঙ্গে সংযুক্ত হয়ে আছে। লাল ও গোলাপি রং প্রজনন ক্ষমতার প্রতীক, সাদা পবিত্রতা/বৈধব্য এবং কালো বেদনার সংকেত। ‘নারীর কথা’ প্রকল্পে শাড়িগুলো ব্যানারের মতো ঝুলন্ত— এর নকশার ছবির মধ্যে রয়েছে: চোখ, চেউ, পেঁয়াজ, ফুল এবং বিমূর্ত আকৃতি আর তার সঙ্গে মেয়েদের লেখার খাতা থেকে নেয়া বাংলা শব্দসমূহ। অনেকগুলো কাপড় যেমন করে রোদে শুকানোর জন্য মেলে দেয়া হয়, ঠিক তেমনি করে শাড়িগুলো প্যানেলের মতো বুলিয়ে রাখা হয়েছে এবং তার উপর চলচ্চিত্রে মেয়েদের ছবিগুলো তুলে ধরা হয়েছে। তাদের কণ্ঠস্বর ঘরটি পূর্ণ করে রেখেছে। বোস বলেন, ‘আমি চাই, দর্শকেরা অপ্রত্যাশিত দৃশ্যে আকৃষ্ট হবেন। নন্দিতার চলচ্চিত্রের ছবি কাপড়গুলোকে সচল করবে এবং দর্শকেরা তরঙ্গায়িত শাড়ির পরিবেশে ডুবে যাবেন। আর তখন আমি চাই, দর্শকেরা এই শিল্পকর্মের অন্তর্নিহিত অর্থ আবিষ্কার করবেন।’

এই প্রকল্পের শাখা-প্রশাখা বেরিয়ে ধারাবাহিকভাবে চলছে কর্মসূচি। এর মধ্যে রয়েছে প্রদর্শনী, বক্তৃতা এবং আলোচনা। সম্প্রতি বোস ‘বাসস্টপ বাংলাদেশ’ নামে একটি ইনস্টলেশন/পারফরম্যান্স (২০১৩) উপস্থাপন করেছেন। এটি একটি শহরে প্রবেশভিত্তিক শিল্পকর্ম। এখানে তিনি কাটাখালীর মহিলাদের ব্যক্তিত্বগুলোকে নিয়ে এসেছেন ওয়াশিংটন ডিসিতে এবং নিজে তাদের ভূমিকায় অবতীর্ণ হয়ে তাদের কাহিনী বর্ণনা করেছেন অজানা-অচেনা পথচারীদের এবং বাসস্থানে অপেক্ষারত যাত্রীদের কাছে। এখানে একটি ভবনের ওপর থেকে ১৮ ফুট লম্বা শাড়িগুলো বুলিয়ে দেয়া হয়েছিল। পাথর ও ইটের ওপর উড়ে থাকা আবেদনময় গোলাপি রঙের কাপড়কে মনে হচ্ছিল কঠিন প্রতিকূলতার সম্মুখে একটি প্রতিবাদী নারীশক্তি।

পরিশেষে একজন শিল্পী যদি একটি সম্প্রদায়ের সঙ্গে কাজ করেন, তবে তিনি তাঁর সহযোগীদের সক্রিয় করেন এবং তাদের সচেতনতাকে উৎসাহিত করে সমাজে স্থায়ী পরিবর্তন ঘটানোর ক্ষেত্রে ফলপ্রসূ ভূমিকা রাখতে পারেন। ‘নারীর কথা’য় শিল্প এবং প্রবক্তা একসঙ্গে কাজ করে একটি গভীর অনুভূতিপূর্ণ সৌন্দর্যবোধের সৃষ্টি



করেছে, যা গ্যালারি পরিসর ছেড়ে যাওয়ার পরও দর্শকদের অন্তরে স্থায়ী হয়ে থাকবে।

লিয়া স্টার্ড একশরও বেশি শিল্পকলা প্রদর্শনীর তত্ত্বাবধান করেছেন। এর মধ্যে রয়েছে যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া রাজ্যের রোয়ানক শহরের টবম্যান মিউজিয়াম অব আর্ট। এখানে তিনি দশটি বৃহদাকার প্রকল্পে কাজ করেন। ২০১২-২০১৩ সাল পর্যন্ত তিনি এখানে প্রদর্শনীর পরিচালক হিসেবে কাজ করেন। ২০১১ থেকে এখন পর্যন্ত তিনি সমকালীন শিল্পকলার সহযোগী পরিচালক হিসেবে কাজ করেছেন। এ ছাড়া তিনি ২০০০ থেকে ২০০৮ সাল পর্যন্ত ভার্জিনিয়া রাজ্যের

শার্লটসভিল শহরে অবস্থিত অলাভজনক শিল্পকলা প্রতিষ্ঠান সেন্ট্রাল গ্যালারির পরিচালক পদে কাজ করেছেন এবং এখনো তিনি সেখানকার একজন স্বাধীন পরিচালক ও শিল্পকলা উপদেষ্টা হিসেবে কাজ করে যাচ্ছেন। তিনি শিল্পকলার ইতিহাস/সমালোচনা বিষয়ে স্টেট ইউনিভার্সিটি অব নিউইয়র্ক, স্টোনব্রুক থেকে এমএ ডিগ্রি লাভ করেছেন এবং কার্লটন কলেজ থেকে শিল্পকলার ইতিহাস বিষয়ে বিএ ডিগ্রি লাভ করেছেন।



*Layer by layer: Storytelling with Saris*, 2013, installation shot from Brentwood Arts Exchange, Brentwood, MD,  
Photo credit: Margaret Boozer (opposite page), Monica Jahan Bose (above).